গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মিঠাপুকুর,রংপুর।
www.mithapukur.rangpur.gov.bd

## বাংলা ১৪৩৩ সনের জন্য সরকারী হাট-বাজার ইজারার দরপত্র বিজ্ঞপ্তি

### দরপত্র বিজ্ঞপ্তি নং-০৩/২০২৬

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ভূমি মন্ত্রণালয়ের ০৬ অক্টোবর ২০২৫ তারিখের প্রজ্ঞাপন (যা বাংলাদেশ গেজেট অতিরিক্ত সংখ্যা প্রকাশিত) বর্ণিত নীতিমালার আলোকে মিঠাপুকুর উপজেলাধীন নিম্নবর্ণিত হাট-বাজার সমূহ আগামী ১৪৩৩ বাংলা সালের ০১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ১(এক) বৎসর মেয়াদে অস্থায়ী ইজারা প্রদানের নিমিত্ত আরোপিত শর্ত সাপেক্ষে আগ্রহী দরদাতাগণের নিকট হতে সীলমোহরযুক্ত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। নিম্নবর্ণিত সময়সূচী অনুযায়ী দরপত্র দাখিলের পূর্বদিন পর্যন্ত অফিস চলাকালীন সময়ে জেলা প্রশাসক, রংপুর এর কার্যালয়, পুলিশ সুপার, রংপুর এর কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মিঠাপুকুর, রংপুর, উপজেলা ভূমি অফিস, মিঠাপুকুর, রংপুর, সোনালী ব্যাংক পিএলসি, মিঠাপুকুর শাখা, রংপুর, অফিসার ইনচার্জ, মিঠাপুকুর থানা, রংপুর ও ইউনিয়ন পরিষদ কার্যালয় (সকল), মিঠাপুকুর, রংপুর হতে উল্লিখিত নগদ মুল্যে (অফেরৎযোগ্য) দরপত্রের সিডিউল সংগ্রহ করা যাবে। দরপত্র দাখিলের দিন সকাল ৯.০০ ঘটিকা হতে বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত জেলা প্রশাসক, রংপুর, পুলিশ সুপার, রংপুর এর কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মিঠাপুকুর, রংপুর এবং সহকারী কমিশনার (ভূমি), মিঠাপুকুর, রংপুর এর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে গ্রহণ করা হবে এবং ঐ দিন বেলা ৩.০০ ঘটিকায় দরপত্র দাতাগণের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে। সরকারী ইজারা মূল্যের নিম্নে/ইজারা মুল্য অনুমোদন কিংবা নীতিমালা মোতাবেক কাংখিত দর পাওয়া না গেলে তফসীলে বর্ণিত তারিখ সমূহে পর্যায়ক্রমে ক্যালেন্ডার এবং উল্লিখিত স্থান ও সময়সূচী অনুযায়ী দরপত্র কার্যক্রম অব্যাহত থাকবে। দাখিলকৃত দরপত্র নীতিমালা মোতাবেক অনুমোদন হলে পরবর্তী তারিখে উক্ত হাট-বাজারের দরপত্র গ্রহণ করা হবে না। কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ কিংবা বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

| ক্রঃ নং | হাট বাজারের নাম | সরকারি ইজারা মূল্য | সিডিউল মূল্য অফেরতযোগ্য | ৩য় বার দরপত্র দাখিলের তারিখ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৬ |
| ০১ | রূপসী হাট বাজার | ২৫৫০ | ৫০০ | ০৭/০৪/২০২৬ |
| ০২ | রানীপুকুর হাট বাজার | ৮৩৫০১৮ | ২৪০০ | |
| ০৩ | শালমারা হাট বাজার | ৮৪০০০ | ৫০০ | |
| ০৪ | ভাংনী হাট বাজার | ২০০০ | ৫০০ | |
| ০৫ | মিয়ার হাট বাজার | ১০৩০০ | ৫০০ | |
| ০৬ | পীরেরহাট বাজার | ৫৫৬৭ | ৫০০ | |
| ০৭ | বালুয়া হাট | ৪৬৭৩০০ | ১৬০০ | |
| ০৮ | শান্তি গোপালপুর হাট | ৭৫২২০ | ৫০০ | |
| ০৯ | ধাপেরহাট বাজার | ২০০০ | ৫০০ | |
| ১০ | জাকের সরকারের হাট | ২০০০ | ৫০০ | |
| ১১ | গিরাই হাট বাজার | ২০০০ | ৫০০ | |
| ১২ | বৈরাতী হাট বাজার | ৮০১৪৬১৫ | ১৬৮০০ | |
| ১৩ | পদ্মপুকুর হাট বাজার | ২০০০ | ৫০০ | |
| ১৪ | আদারহাট বাজার | ৩৩৩৪ | ৫০০ | |
| ১৫ | তেঁতুলিয়া হাট বাজার | ২০০০ | ৫০০ | |

শর্তাবলী ঃ

(ক) দরদাতাকে দরপত্রের সাথে উদ্ধৃত মূল্যের ৩০% হারে নিম্নস্বাক্ষরকারীর বরাবরে ব্যাংক ড্রাফট/ পেমেন্ট অর্ডার প্রদান করতে হবে। উক্ত টাকা হতে ২০% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে। অবশিষ্ট ১০% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার পরিস্কার পরিচ্ছন্ন না করলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে এবং বৎসর শেষে অব্যবহৃত টাকা জমাকারীকে ফেরত দেয়া হবে।

(খ) অনুমোদিত দরপত্র দাতাকে পত্র প্রাপ্তির ৭ (সাত) কার্য দিবসের মধ্যে ইজারা মূল্যের অবশিষ্ট ৮০% অর্থ নিম্নস্বাক্ষরকারীর অনুকুলে যে কোন তফসিলি ব্যাংক হতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সহ ইজারা মূল্যের উপর ১০% আগাম আয়কর এবং ১৫% মূল্য সংযোজন কর (ভ্যাট) চালান মূলে সোনালী ব্যাংক লিঃ মিঠাপুকুর শাখায় জমা করতঃ চালানের কপি জমা প্রদান করতে হবে এবং চুক্তিনামা সম্পাদন করে হাটের টোল আদায় করতে হবে।

(গ) ইজারার অন্যান্য শর্তসমূহ দরপত্রের আবেদনের (সিডিউল) সাথে সংযুক্ত বিজ্ঞপ্তিতে বিস্তারিতভাবে উল্লেখ রয়েছে এবং নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে অফিস চলাকালীন সময়ে জানা যাবে।

31-03-26

(আশিক জামান)
সহকারী কমিশনার (ভূমি)
ও
উপজেলা নির্বাহী অফিসার (অ:দা:)
মিঠাপুকুর, রংপুর।
ফোন ঃ ০২৫৮৮৮৭৮১৪০
unomithapukur@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৫৫.৮৫৫৮.০০১.৯৯.০০৩.২৬- ৪৮৫ (৮৫০) তারিখ ঃ ৩১ মার্চ, ২০২৬ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি / কার্যার্থে প্রেরণ করা হলো ( জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।

০৩। জেলা প্রশাসক, রংপুর।

০৪। পুলিশ সুপার,রংপুর। দরপত্র (সিডিউল) মতে দরপত্র বাক্স স্থাপন সহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করার জন্য সদয় অনুরোধ করা হলো।

০৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, রংপুর। দরপত্র (সিডিউল) মতে দরপত্র বাক্স স্থাপন সহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করার জন্য অনুরোধ করা হলো।

০৬। প্রধান নির্বাহী কর্মকর্তা,জেলা পরিষদ,রংপুর।

০৭। প্রশাসক, উপজেলা পরিষদ,মিঠাপুকুর,রংপুর।

০৮। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব),রংপুর।

০৯। সহকারী কমিশনার (ভূমি), মিঠাপুকুর, রংপুর। দরপত্র (সিডিউল) মতে দরপত্র বাক্স স্থাপন সহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

১০। জেলা তথ্য অফিসার, রংপুর।

১১। উপজেলা প্রকৌশলী, মিঠাপুকুর, রংপুর।

১২। অফিসার ইনচার্জ,মিঠাপুকুর থানা।

১৩। উপজেলা ..............................................................................অফিসার, মিঠাপুকুর, রংপুর।

১৪। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, মিঠাপুকুর, রংপুর। তাকে হাট-বাজার দরপত্র বিজ্ঞপ্তিটি এ কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

১৫। চেয়ারম্যান/সচিব, ........................................ ইউনিয়ন পরিষদ, মিঠাপুকুর, রংপুর। তাকে সংশ্লিষ্ট হাট-বাজার ঢোল সহরতের মাধ্যমে ব্যাপক প্রচার ও প্রেরিত দরপত্র সিডিউল বিক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১৬। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ........................................... ইউনিয়ন ভূমি অফিস, মিঠাপুকুর, রংপুর। তাকে তার আওতাধীন এলাকার হাট-বাজার ঢোল সহরতের মাধ্যমে ব্যাপক প্রচারের করে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রতিবেদন দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

১৭। সভাপতি/সম্পাদক/জনাব ...................................................................................................

১৮। নোটিশ বোর্ড।

31-03-26

সহকারী কমিশনার (ভূমি)
ও
উপজেলা নির্বাহী অফিসার (অ:দা:)
মিঠাপুকুর, রংপুর।